বাপশনি কোড-০১/২০১৮
BAER Code-01/2018
www.baera.gov.bd

# নৈতিক নীতিমালা
# Code of Ethics

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
Bangladesh Atomic Energy Regulatory Authority

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক নীতিমালা
Principles of the Ethics of Bangladesh Atomic Energy Regulatory Authority

ফেব্রুয়ারি ২০১৮
February 2018

# নৈতিক নীতিমালা
# Code of Ethics

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

Bangladesh Atomic Energy Regulatory Authority

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
নৈতিক নীতিমালা

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমনিকা | i |
| নৈতিক নীতিমালা | ১ |
| ১. দায়িত্ব | ১ |
| ২. উদ্দেশ্য | ২ |
| ৩. যোগ্যতা | ২ |
| ৪. সততা | ৩ |
| ৫. উৎকোচ | ৩ |
| ৬. চারিত্রিক অখন্ডতা | ৩ |
| ৭. সাহস | ৪ |
| ৮. শুদ্ধতা | ৫ |
| ৯. শ্রদ্ধাবোধ | ৫ |
| ১০. সহযোগিতা | ৬ |
| দায় স্বীকৃতি | ৬ |
| কৃতজ্ঞতা | ৬ |


**Bangladesh Atomic Energy Regulatory authority**

# Code of Ethics

## CONTENTS


| | Page No. |
|---|---|
| Preface | i |
| Code of Ethics | 1 |
| 1. Duty | 1 |
| 2. Objective | 2 |
| 3. Competence | 2 |
| 4. Honesty | 3 |
| 5. Bribery | 3 |
| 6. Integrity | 3 |
| 7. Courage | 4 |
| 8. Fairness | 5 |
| 9. Respect | 5 |
| 10. Cooperation | 6 |
| Statement of Responsibility | 6 |
| Acknowledgement | 6 |

# উপক্রমণিকা

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (*কর্তৃপক্ষ*) ইতিপূর্বে জারিকৃত "পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২১ নং আইন)" বাতিল করে বিগত ১৯ শে জুন ২০১২ তারিখে "বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সালের ১৯ নং আইন)" প্রণয়নের মাধ্যমে গঠন করা হয়। উদ্দেশ্য *আয়নায়নকারী বিকিরণ* এবং *পরমাণু শক্তি* ব্যবহারের মাধ্যমে বাংলাদেশে বিকিরণ কর্মী, রোগী এবং জনগণের স্বাস্থ্যের অগ্রহণযোগ্য ক্ষতি না হয় এবং পরিবেশের উপর নেতিবাচক প্রভাব না পরে। নৈতিক নীতিমালাটি বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পেশাজীবী এবং সকল কর্মজীবীর জন্য কাঙ্খিত এবং অলঙ্ঘনীয় বিষয়াদি নিয়ে প্রণীত। নীতিমালাটি *কর্তৃপক্ষের* কর্মকর্তা/কর্মচারীদের কোন কাজে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে কোনরূপ ব্যক্তিগত ইচ্ছা বা পক্ষপাতিত্ব দ্বারা প্রভাবিত হওয়া থেকে বিরত থাকতে সাহায্য করবে। নীতিমালাটি ১০টি নীতির সমন্বয়ে প্রণীত হয়েছে, যথা: *কর্তৃপক্ষের* কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব, যোগ্যতা, সততা, চারিত্রিক অখন্ডতা, সাহস, শুদ্ধতা, শ্রদ্ধাবোধ এবং সহযোগিতা। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা এবং কর্মচারী একক পরিবারের ধারণা প্রসূত হয়ে *আয়নায়নকারী বিকিরণ* এবং *পরমাণু শক্তি* বাংলাদেশের সামাজিক উন্নতির জন্য ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তা ও সুরক্ষা সার্বিকভাবে উন্নতকরণকল্পে প্রণীত নৈতিক নীতিমালার বিধানাবলী প্রয়োগ করবেন।

**প্রফেসর ড. নঈম চৌধুরী**
**চেয়ারম্যান**
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# Preface

Bangladesh Atomic Energy Regulatory Authority (*authority*) was constituted on 19th June 2012 by enacting "Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No. 19 of 2012)", repealing the previous "Nuclear Safety and Radiation Control Act, 1993 (Act No. 21 of 1993)" to ensure that the use of ionizing radiation and nuclear energy in Bangladesh does not cause unacceptable harm on the health of the workers, patients and members of the public and negative effects on the environment. The code represents principles of professionalism and ethics to which *authority* professionals and staffs aspire and hold inviolable. The code will be helpful to the *authority* officials to take decision in their workplace without any influence of personal interest or biased situation. The code is composed of 10 principles such as: duty, competence, honesty, courage, fairness, respect and cooperation. All *authority* officials and staffs will apply this code for the commitment, from the single family concept, to ensure and continually enhance safety and protection in the use of ionizing radiation and nuclear energy for societal benefits in Bangladesh and shall aspire to adhere to the core values articulated in this Code of Ethics.

**Prof. Dr. Naiyyum Choudhury**
**Chairman**
Bangladesh Atomic Energy Regulatory Authority

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নৈতিক নীতিমালা

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (কর্তৃপক্ষ) ইতিপূর্বে জারিকৃত "পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২১ নং আইন)" বাতিল করে বিগত ১৯ শে জুন ২০১২ তারিখে "বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সালের ১৯ নং আইন)" প্রণয়নের মাধ্যমে গঠন করা হয়। উদ্দেশ্য *আয়নায়নকারী বিকিরণ* এবং *পরমাণু শক্তি* ব্যবহারের মাধ্যমে বাংলাদেশে বিকিরণ কর্মী রোগী এবং জনগণের স্বাস্থ্যের অগ্রহণযোগ্য ক্ষতি না হয় এবং পরিবেশের উপর নেতিবাচক প্রভাব না পরে। নৈতিক নীতিমালাটি বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পেশাজীবী এবং কর্মজীবীদের জন্য কাঙ্খিত এবং অলজ্ঘনীয় বিষয়াদি নিয়ে প্রণীত। অতএব *কর্তৃপক্ষের* সকল কর্মকর্তা এবং কর্মচারী এই নৈতিকতার *মূলনীতিমালা* অবশ্যই মেনে চলবেন।

### বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক মূলনীতিমালা

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা এবং কর্মচারী নৈতিক মূলনীতিমালা অবশ্যই অনুসরণ করবেন এবং মেনে চলবেন। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক মূলনীতিমালা নিম্নে উপস্থাপিত হলো :-

১। **দায়িত্ব:** *কর্তৃপক্ষের* কর্মকর্তাবৃন্দের মূল দায়িত্ব বাংলাদেশে *আয়নায়নকারী বিকিরণ* ও *পরমাণু* শক্তি সংশ্লিষ্ট কর্মকান্ডের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা; এ লক্ষ্যে তাঁরা:

- সকল নিয়ন্ত্রণ কর্মকান্ডে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, বিধিমালা এবং প্রযোজ্য *মান* ও *নির্দেশিকার* যথাযথ অনুসরণের মাধ্যমে এবং কোনরূপ পক্ষপাত না করে পালন করবেন;
- *আয়নায়নকারী বিকিরণ* এবং *পরমাণু শক্তি* ব্যবহারের ফলে বিকিরণ কর্মী, রোগী এবং জনস্বাস্থ্যের কোনরূপ ক্ষতি না হয় বা এর দ্বারা পরিবেশের উপর নেতিবাচক প্রভাব না পড়ে এটি নিশ্চিত করবেন; এবং
- চারিত্রিক অক্ষুন্নতা বজায় রেখে বিধি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আস্থা এবং সম্মান অর্জন নিশ্চিত করবেন।

## Bangladesh Atomic Energy Regulatory Authority Code of Ethics

Bangladesh Atomic Energy Regulatory Authority (*authority*) was constituted on 19th June 2012 by enacting "Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No. 19 of 2012)", abolishing the previous "Nuclear Safety and Radiation Control Act, 1993 (Act No. 21 of 1993)" to ensure that the use of *ionizing radiation* and nuclear energy in Bangladesh does not cause unacceptable harm on the health of the workers, patients and members of the public and negative effects on the environment. The code embodies principles of professionalism and ethics to which *authority* professionals and staffs aspire and hold inviolable. All *authority* employees, as such, shall abide by the fundamental principles of the Ethics.

### Fundamental Principles of the *authority* Ethics

All *authority* employees shall follow and obey the fundamental principles of the Ethics. The fundamental principles of the *authority* Ethics are presented below:-

**1. Duty:** The prime responsibility of the *authority* officials is to ensure safety and protection in the practices using *ionizing radiation* and *nuclear energy* in Bangladesh and as such shall:

- carry out all regulatory activities and tasks without being bias in compliance with the *authority* laws and regulations as well as in pursuant with the applicable *standards* and *guides;*
- ensure that the use of *ionizing radiation* and *nuclear energy* does not cause undue harms to the occupational workers, patients and public health and negative effect on the environment; and
- maintain integrity to win the confidence and respect of all stakeholders.

২। **উদ্দেশ্য:** *নীতিমালার* উদ্দেশ্য কোন রকম পক্ষপাত বা ব্যক্তিগত অনুভূতির কারণে বিকৃত না করে প্রকৃত সক্ষমতা অর্জনের মাধ্যমে সংশ্লিষ্ট নকশা, বিশ্লেষণ, নির্মাণ, সমন্বয়, উপাত্ত এবং তথ্যের যথাযথ বিশ্লেষণের মাধ্যমে এবং সকল সংশ্লিষ্ট বিষয়াদিকে বিবেচনায় রেখে সিদ্ধান্ত নেয়া এবং এলক্ষ্যে *কর্তৃপক্ষের* কর্মকর্তাগণ:

- সকল মতামতের সুষ্ঠু অনুসরণ এবং বিভিন্ন বিষয়ে যে কেবল একটি সঠিক বা ভুল উত্তর নাও থাকতে পারে তা বিবেচনায় রেখে সিদ্ধান্তে উপনীত হতে প্রয়াসী হবেন;
- *লাইসেন্স বা অনুমোদন প্রদানের* ক্ষেত্রে সকল যৌক্তিক বাস্তবতা এবং সংশ্লিষ্ট নিরাপত্তা এবং ঝুঁকি পুনরীক্ষণ এবং বিশ্লেষণ করবেন; এবং
- নিশ্চিত করবেন যে, বিধিগত সিদ্ধান্তসমূহ কোনরূপ ব্যক্তিগত ইচ্ছা বা পক্ষপাতিত্বের দ্বারা প্রভাবিত হয়নি।

**2. Objective:** The objectivity of the *Code* is to treat or deal with the facts without distortion by personal feelings or biases; and having the capability to evaluate related design, analyses, construction and conformity data and information; and arrive at decisions taking all relevant points of view into account. The *authority* officials accordingly shall:

- respond judiciously to all opinions, recognizing that there is no single right or wrong answer in many cases;
- consider all reasonable options and associated risks in the safety review and analyses process to issue *licence* or *authorization;* and
- ensure that regulatory decisions are not influenced by the personal preferences and or biases.

৩। যোগ্যতা: অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে *কর্তৃপক্ষের* কর্মকর্তাগণের উপযুক্ত জ্ঞান, সক্ষমতা এবং দক্ষতা থাকতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তি দ্রুত উন্নত এবং বহুমুখী হচ্ছে। পরমাণু প্রযুক্তি সংশ্লিষ্ট বহুমুখী বিজ্ঞান এবং প্রযুক্তির ক্রমাগত উন্নয়নকে বিবেচনায় রেখে আনুষ্ঠানিক শিক্ষা, কাজের অভিজ্ঞতা এবং পেশাগত প্রশিক্ষণ চালিয়ে যাওয়ার মাধ্যমে কর্তৃপক্ষের পেশাজীবীদের জ্ঞান অর্জন এবং উপযুক্ত সক্ষমতা অর্জন করতে হবে। *কর্তৃপক্ষের* পেশাজীবীগণ *এ কারণে:*

**3. Competence:** The *authority* officials shall have the required knowledge, capability and skills to effectively discharge the assigned duties. Science and technology is developing and diversifying fast. The diversity of scientific and technological disciplines involved and the evolving nature of the nuclear *regulatory* profession necessitate commitment to an appropriate level of knowledge that is to be achieved through formal education, work experience, professional training and a continued learning process. The *authority* professionals, therefore, shall:

- *নিয়ন্ত্রণ কর্মকান্ড* সংশ্লিষ্ট বিজ্ঞান ও প্রযুক্তির সর্বশেষ উন্নয়ন এবং উন্নয়নের ধারা সম্বন্ধে অবহিত হওয়ার জন্য কর্তৃপক্ষের সহায়তা চাইবেন; এবং

- পেশার উন্নয়ন এবং প্রসারে সংশ্লিষ্ট সকল জেষ্ঠ্য এবং কনিষ্ঠ কর্মকর্তা ও কর্মচারীকে উৎসাহিত করবেন এবং প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি করতে সচেষ্ট হবেন।

৪। **সততা:** *কর্তৃপক্ষের* কর্মকর্তাগণ অবশ্যই উচ্চ মানের আন্তরিকতা, সততা এবং শুদ্ধতা বজায় রেখে *আইন* এবং *বিধিমালা* প্রয়োগ করবেন এবং দায়িত্বের সাথে সঙ্গতিপূর্ণতা বজায় রেখে সকলের আস্থাভাজন হিসেবে কাজ করবেন; এবং:

- নিশ্চিত করবেন যে, *লাইসেন্স* আবেদনকারী কর্তৃক উপস্থাপিত তথ্যাদি সঠিক এবং সম্পূর্ণ এবং এতে কোনরূপ গুরুত্বপূর্ণ তথ্যের অনুপস্থিতি বা ভুল ধারণার সংশ্লিষ্টতা নেই;

- সঠিক তথ্যাদি এবং সুচিন্তিত বিবেচনার ভিত্তিতে বিধিগত সিদ্ধান্ত গ্রহণ করবেন;

- চাপে পড়ে প্রযোজ্য মানকে খাটো করে অসঙ্গত সিদ্ধান্ত প্রদান হতে বিরত থাকবেন; এবং

- *লাইসেন্স* আবেদনকারীর নিকট হতে কোনরূপ অনৈতিক অনুগ্রহ চাইবেন না।

৫। **উৎকোচ(ঘুষ):** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ *কর্তৃপক্ষের* কর্মকর্তা/কর্মচারীগণ সকল ধরনের উৎকোচ বা ঘুষ অবশ্যই প্রত্যাখ্যান করবেন।

৬। **চারিত্রিক অখন্ডতা:** *কর্তৃপক্ষের* কর্মকর্তা/কর্মচারীবৃন্দ দায়িত্বের প্রতি প্রতিশ্রুত হয়ে বিশুদ্ধ, বিবেকবান, বিশ্বাসযোগ্য এবং তাঁদের কাজে যথাযথ ও সঙ্গতিপূর্ণ হওয়ার জন্য:

- seek to remain informed and be qualified about the latest developments and emerging trends in all related disciplines of science and technology relevant to the *regulatory practices;* and

- encourage and support opportunities for professional growth and development among the peers and subordinates.

**4. Honesty:** The *authority* officials shall maintain a high degree of honesty and sincerity and be principled and consistent in application of the *laws* and *regulations;* be trustworthy and live up to commitments; and shall:

- ensure that any information provided by the *licensees* is accurate and complete without significant omissions or false impressions implied;

- make *regulatory* decisions based on factual information and sound judgment;

- resist pressure to relax standards to achieve undue expediency; and

- not demand undue favors from the *licensees.*

**5. Bribery:** The *authority* employees shall reject bribery in all its forms.

**6. Integrity:** The *authority* employees shall be committed to earn values which lead them to be principled, scrupulous and trustworthy and their beliefs, actions to be congruent and consistent and accordingly shall:

- যেখানে প্রয়োজন তথ্যের গোপনীয়তা রক্ষা করবেন;
- প্রতিশ্রুতির যথাযথ অনুসরণ করবেন;
- স্বল্পকালীন নিরাপত্তাকে বিবেচনা না করে সব সময় দীর্ঘকালীন নিরাপত্তা বিবেচনার জন্য প্রত্যয়ী হয়ে সর্ব উৎকৃষ্ট কার্য পদ্ধতি অনুসরণ করবেন;
- সহকর্মীদের কাজের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করবেন;
- কখনই অন্যের কাজকে নিজের মূল্যায়নের জন্য ব্যবহার করবেন না;
- ব্যক্তিগত লাভ এবং কর্মজীবনের উন্নতির লক্ষ্যে অন্যকে বিশেষ সুবিধাদান বা *কর্তৃপক্ষের* কর্মকান্ডকে আপোষ করে সিদ্ধান্তকে প্রভাবিত করবেন না; এবং
- স্বীয় আর্থিক শুদ্ধতা এবং জবাবদিহিতা সঠিকভাবে বজায় রাখবেন।

৭। **সাহস:** *কর্তৃপক্ষের* কর্মকর্তাগণ কঠিন কাজ করার ক্ষেত্রে ও সঠিক পথ অনুসরণে সাহসী হবেন এবং এই লক্ষ্যে:

- পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে গিয়ে প্রয়োজনবোধে পরিবর্তিত পদ্ধতি অনুসরণ করবেন;
- যথাযথ মূল্যায়ন বিশ্লেষণের মাধ্যমে উপনীত বিধিগত সিদ্ধান্তের ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ এবং সঠিক পদ্ধতি গ্রহণ করবেন;
- প্রয়োজনবোধে প্রযুক্তিগত সহায়তা চাইতে লজ্জাবোধ করবেন না;
- দ্বন্দ্বযুক্ত বিধিগত সিদ্ধান্তের ক্ষেত্রে খোলাখুলি আলোচনাকে উৎসাহিত করবেন;
- নেতিবাচক সংবাদ উর্ধ্বতন কর্তৃপক্ষ/ ব্যবস্থাপকের কাছে উপস্থাপন করবেন; এবং
- কার্যক্রমে কোন ভুল করে থাকলে তার দায় স্বীকার করবেন এবং দ্রুত ভুল সংশোধনের জন্য উপযুক্ত কার্যক্রম গ্রহণ করবেন।

- maintain confidentiality of information where necessary;
- live up to the commitments;
- hold convictions that always best course of actions shall be followed in the interest of long term safety and not short term safety;
- give credit for the work of the others;
- not attempt to take credit from someone else's works;
- not compromise actions or decisions for personal gain or career enhancement for doing favor to someone; and
- maintain strict financial integrity and accountability.

**7. Courage:** The *authority* officials shall demonstrate courage by selecting the right thing even when doing so is difficult and accordingly shall:

- review the actions and approaches when necessary and shall be flexible to change as and when appropriate;
- properly evaluate, analyze, conclude and provide consistent and accurate regulatory decisions;
- not shy away from asking for technical support when required;
- encourage an open exchange of views that challenge regulatory decisions;
- delivering bad news quickly to the authority/management when necessary; and
- admit mistakes and take appropriate measures to correct the same promptly.

৮। **শুদ্ধতা:** *কর্তৃপক্ষের* কর্মকর্তাবৃন্দ নিরাপত্তা নিশ্চিতকরণকল্পে প্রস্তাবিত *আইন* ও *বিধিমালার* যথাযথ মূল্যের প্রতি সম্মানশীল হবেন এবং *বিধি* সম্বলিত কার্যক্রমের শুদ্ধতা বজায় রাখার জন্য:

- প্রত্যেকের জন্য *বিধিগত মান* এবং *নির্দেশিকা* সমভাবে প্রয়োগ করবেন;
- সকল প্রযোজ্য *বিধিগত মান* এবং *নির্দেশিকা* যথাযথভাবে প্রয়োগ করবেন;
- যে সকল ফলাফলে কিছুটা সন্দেহের সম্ভাবনা আছে সেসব ক্ষেত্রে বৈজ্ঞানিক তথ্যাদি সুচিন্তিত বিবেচনা ও বিশ্লেষণের মাধ্যমে পক্ষপাতবিহীনভাবে উপস্থাপন করবেন; এবং
- নিশ্চিত করবেন যে, সরকারি এবং বেসরকারি সকল সংশ্লিষ্ট পক্ষের আইন-সঙ্গত অধিকারকে স্বীকার করে *বিধিগত* সিদ্ধান্তে কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

৯। **শ্রদ্ধাবোধ:** *কর্তৃপক্ষের* কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ:

- সহকর্মীদের কাজের প্রতি শ্রদ্ধাশীল হবেন;
- *বিধিগত* কর্মকান্ডে জড়িত সকলপক্ষের সংশ্লিষ্টতা চিহ্নিত করবেন এবং দায়িত্ব স্বীকার করবেন;
- ভুল বা অসম্পূর্ণ তথ্য উপস্থাপনের প্রেক্ষিতে কাউকে খাটো করা বা আঘাত করতে পারবেন না;
- সংশ্লিষ্ট সকলপক্ষের প্রতি তাঁদের অবস্থান বিবেচনা না করে সম্মান এবং মর্যাদার সাথে আচরণ করবেন; এবং
- ব্যক্তিগত পার্থক্য থাকলে এটা বিবেচনা করে এই বিভেদকে সমন্বয় করার জন্য একটি পথ বের করতে সচেষ্ট হবেন।

**8. Fairness:** The *authority* officials shall respect the letter and spirit of the *laws* and *regulations* promulgated for ensuring safety and to ensure fairness in regulatory practices and shall:

- apply legal and *regulatory standards* and *guides* equitably to all parties;
- apply the appropriate *regulatory standards* and *guides* to all cases in a consistent manner;
- present the facts and analyses of scientific information using sound interpretation that strives to eliminate bias even while giving results that may contain some element of uncertainty; and
- strive to ensure that the legitimate interests of all stakeholders, public and private, are appropriately considered in the *regulatory* decision making processes.

**9. Respect:** The *authority* employees shall;

- respect the role of the colleagues;
- recognize and acknowledge the role of all stakeholders;
- refrain from embarrassing, ridiculing or hurting others in their actions or omission of actions;
- treat all stakeholders, regardless of level or position, with dignity, civility and courtesy; and
- accept that personal differences occur; and shall work diligently towards finding a position that accommodates those differences.

১০। **সহযোগিতা:** *কর্তৃপক্ষের* কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ একক পরিবারের ধারণা বিবেচনায় রেখে:

- শ্রদ্ধাবোধ উন্নয়ন সহায়ক একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টিতে সচেষ্ট হবেন;
- অন্যকে খাটো না করে নিজের জ্ঞানকে অন্যের সাথে ভাগাভাগি করে নিবেন;
- যাঁরা প্রাথমিক ভাবে বুঝতে পারছেন না তাঁদের প্রতি সহনশীল হবেন; এবং
- যেখানে সম্ভব দ্বন্দ্ব এড়াবেন এবং সেটা যদি সম্ভব না হয় ইতিবাচক সম্পর্কের মাধ্যমে কার্যকরভাবে দ্বন্দ্ব মেটানোর জন্য সচেষ্ট হবেন

## দায় স্বীকৃতি

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল পেশাজীবী অবশ্যই স্বীকার করবেন যে, তাঁদের পেশাগত দায়িত্বের সর্বোচ্চ মান অর্জনের লক্ষ্যে *নৈতিক নীতিমালা* পালন করা আবশ্যক।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা এবং কর্মচারী একক পরিবারের ধারণা প্রসূত হয়ে স্বীকার করবেন যে, *আয়নায়নকারী বিকিরণ* এবং *পরমাণু শক্তি* বাংলাদেশের সামাজিক উন্নতির জন্য ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তা ও সুরক্ষা সার্বিকভাবে উন্নতকরণকল্পে প্রণীত *নৈতিক নীতিমালার* বিধানাবলী মেনে চলা একান্ত আবশ্যক।

**কৃতজ্ঞতা স্বীকার:** নীতিমালাটি প্রণয়নের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ "ভারতীয় পরমাণু শক্তি নিয়ন্ত্রণ বোর্ডের নৈতিক নীতিমালা" এবং মার্কিন যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণ কর্মকান্ডে নিয়োজিত কর্মজীবী সমিতি কর্তৃক প্রকাশিত "নিয়ন্ত্রণ কর্মকান্ডে নিয়োজিত পেশাজীবীদের নৈতিক নীতিমালা" এবং তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল ইনস্টিটিউট কর্তৃক (IEEE) প্রণীত নৈতিক নীতিমালার বিবরণ সমূহের সাহায্য গ্রহণ করা হয়েছে বলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।

**10. Cooperation:** The *authority* officials from the single family concept, shall;

- create a positive environment that encourages and promotes respect;
- share what they know in a non intimidating way;
- be tolerant to those who do not understand initially; and
- avoid conflict where possible; and if not possible, find creative ways to resolve conflict in an effort to preserve a positive relationship among all concerned.

## Statement of Responsibility

All *authority* professionals do realize that it is the *ethical* responsibility of everyone in the *authority* to uphold the highest standards of professional conduct in the performance of the professional duties.

All *authority* officials and staffs acknowledge the commitment, from the single family concept, to ensure and continually enhance safety and protection in the use of *ionizing radiation* and *nuclear* energy for societal benefits in Bangladesh and shall aspire to adhere to the core values articulated in this *Code of Ethics.*

**Acknowledgement:** While developing the Code of Ethics, *authority* gratefully acknowledges the use of the texts contained in Indian "Atomic Energy Regulatory Board (AERB) Code of Ethics"; "Code of Ethics for Regulatory Affairs of Professionals", published by the Regulatory Affairs Professionals Society, USA; and the "Institute of Electrical and Electronic Engineering (IEEE) Code of Ethics".